# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 10-05-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) ভারতীয় সেনা বাহিনী গতরাতে পাক সীমানা পেরিয়ে ২৬-টি এলাকায় উড়ে আসা সশস্ত্র ড্রোণ হামলার যোগ্য জবাব দিয়েছে।

পাকিস্তানকে অর্থ সাহায্য করার বিষয়ে আই এম এফ-এর ভোটদানে বিরত থেকেছে ভারত।

২) দেশের জরুরী সময়ে স্বাস্থ্য পরিষেবা প্রস্তুতি নিয়ে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী এক উচ্চ পর্যায়ের বৈঠক করেছেন।

৩) সাম্প্রতিক আবহে রাজ্যজুড়ে বাড়ানো হচ্ছে নিরাপত্তা। হাই অ্যালার্ট জারি কলকাতা বিমানবন্দরে।

৪) রাজ্য মাদ্রাসা পরিচালন কমিটির দ্বারা নিযুক্ত শিক্ষক ও অশিক্ষক কর্মীদের আগামী দু সপ্তাহের মধ্যে বেতন দেবার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

৫) আগামী সোমবার পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় তাপপ্রবাহ চলবে বলে আবহাওয়া দফতর জানিয়েছে।

ooooooooooooooooooooooo

বারামুলা থেকে ভূজ পর্যন্ত ভারত-পাক সীমান্তে আন্তর্জাতিক নিয়ন্ত্রণ রেখা সংলগ্ন ২৬ টি এলাকায় গত রাতে ড্রোন উড়তে দেখা যায়। নাগরিক বাসস্থান এবং সেনা ঘাটি লক্ষ্য করে পাকিস্তানের দিক থেকে উড়ে আসা ড্রোনগুলি ছিল সশস্ত্র। প্রতিরক্ষা মন্ত্রক সূত্রে জানা গেছে, বারামুলা, শ্রীনগর, অবন্তীপোরা, নাগরোতা, জম্মু, ফিরোজপুর,পাঠানকোট, ফাজিলকা, লালগড় জাট্টা, জয়শলমীর, বারমের, ভুজ, কুয়ারবেত এবং লখিনালায় ড্রোনগুলিকে দেখতে পাওয়া যায়।

উচ্চ সতর্ক ভারতীয় সেনা পালটা ড্রোনের মাধ্যমে আকাশপথে উড়ে আসা এধরনের সব হামলার যোগ্য জবাব দেয়। গোটা এলাকা স্তব্ধ করে দিয়ে প্রয়োজনীয় যাবতীয় পদক্ষেপ দ্রুত নেওয়া হয়। চলছে লাগাতার নজরদারি। সীমান্ত সংলগ্ন এলাকায় বসবাসকারী বাসিন্দাদের অপ্রয়োজনে বাড়ির বাইরে বেরোতে নিষেধ করা হয়েছে। আতঙ্কিত না হয়ে সাবধানতামূলক পদক্ষেপ হিসেবে প্রশাসনের সঙ্গে যোগাযোগ রেখে চলতে বলা হচ্ছে।

আকাশবানীর সংবাদদাতা জানাচ্ছেন, পাঞ্জাবের বেশ কিছু সীমান্ত লাগোয়া জেলায় ড্রোন হামলা চালানো হয়। ফিরোজপুরে এক পরিবারের তিনজন এই হামলায় জখম হয়েছেন। তাদের সরকারী হাসপাতালে চিকিৎসা চলছে। তাদের শারীরিক অবস্থা স্থিতিশীল। তবে অধিকাংশ ড্রোনেই নিরস্ত করা সম্ভব হয়েছে বলে জেলা পুলিশ প্রধান জানিয়েছেন।

oooooooooooooooooooo

বিদেশমন্ত্রক জানিয়েছে, ৮ তারিখ রাতে লেহ্ থেকে সারক্রিক পর্যন্ত ৩৬-টি জায়গায় পাকিস্তান অনুপ্রবেশের চেষ্টা চালিয়েছে। এজন্য কমপক্ষে ৪-শোটি ড্রোণ ব্যবহার করেছে তারা। ভারতীয় সশস্ত্র সেনা বাহিনী এর মধ্যে বেশিরভাগ ড্রোণকেই গুলি করে নামাতে সমর্থ হয়। নতুন দিল্লিতে গতকাল এক বিশেষ সাংবাদিক বৈঠকে ভারতীয় সেনা কর্ণেল সোফিয়া কুরেশি জানান, সমগ্র পশ্চিমাঞ্চলীয় সীমান্তজুড়ে সেনা ঘাঁটি লক্ষ্য করে পাক বাহিনী একাধিকবার ভারতীয় আকাশসীমা লঙ্ঘন করে।

উইং কমান্ডার ব্যোমিকা সিং জানান, পাকিস্তানের হামলার জবাবে সেদেশের চারটি এয়ার ডিফেন্স সাইটে ভারতীয় সশস্ত্র ড্রোণকে কাজে লাগানো হয়। পাকিস্তান নিজেদের স্বার্থে অসামরিক বিমানগুলিকে মানব ঢাল হিসেবে ব্যবহার করচে বলেও জানান তিনি।

(বাইট- ব্যোমিকা)

অন্যদিকে, ভারতের প্রত্যাঘাতে পাকিস্তান সেনাবাহিনীর ব্যাপক ক্ষতি হয়েছে।

ওই সাংবাদিক বৈঠক থেকেই বিদেশ সচিব বিক্রম মিশ্রি বলেন, পাকিস্তান গতরাতে ভারতের সেনা ঘাঁটি ছাড়াও ভারতের বিভিন্ন শহর এবং নাগরিক পরিকাঠামো লক্ষ্য করে হামলা চালায়। এধরনের পদক্ষেপ প্ররোচনামূলক এবং উত্তেজনা বাড়াতেই নেওয়া হচ্ছে । বিদেশ সচিব জানান, ভারতীয় সশস্ত্র সেনা যথাযথ এবং অত্যন্ত দায়িত্বের সঙ্গে প্রতিটি আক্রমণের যোগ্য জবাব দিয়েছে।

oooooooooooooooooooooo

পাকিস্তানকে আর্থিক সংকট থেকে মুক্ত করতে আন্তর্জাতিক মুদ্রা ভান্ডার – আই এম এফ নতুন করে আর্থিক সাহায্যের যে সিদ্ধান্ত নিয়েছে, ভারত তাতে উদ্বেগ প্রকাশ করেছে। এসংক্রান্ত নির্ণায়ক বৈঠকের ভোটাভুটিতে ভারত ভোটদানে বিরত থাকে। তাদের আশঙ্কা, পাকিস্তান এই অর্থ অতীতের মতোই সীমান্ত পেরিয়ে সন্ত্রাসবাদের কাজে ব্যবহার করবে।

উল্লেখ্য, আই এম এফ – পাকিস্তানকে ১৩০ কোটি মার্কিন ঋণ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এর বিরোধিতা করে ভারত তাদের বক্তব্য নথি আকারে জমা দেয়। আন্তর্জাতিক এই সংগঠন ভারতের বক্তব্যকে গ্রহণ করেছে। ভোটাভুটিতে ভারতের বিরত থাকার বিষয়টিও নথিবদ্ধ করা হয়েছে।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা, বিপর্যয় পরিস্থিতিতে দেশের জরুরী স্বাস্থ্য ব্যবস্থার প্রস্তুতি নিয়ে গতকাল এক উচ্চ পর্যায়ের পর্যালোচনা বৈঠকে পৌরোহিত্য করেন। নতুন দিল্লিতে আয়োজিত এই বৈঠকে দেশের স্বাস্থ্য পরিষেবা আরও জোরদার ও সুসংহত করতে গৃহীত পদক্ষেপ সম্পর্কে শ্রী নাড্ডাকে অবহিত করা হয়। হাসপাতাল ও চিকিৎসা প্রতিষ্ঠানগুলিকে প্রয়োজনীয় ওষুধ, রক্ত এবং অক্সিজেনের পর্যাপ্ত যোগান রাখার পাশাপাশি ট্রমাকেয়ার কিট সহ অন্যান্য চিকিৎসা সরঞ্জাম প্রস্তুত রাখতে বলা হয়েছে। কোনরকম বিপর্যয় তৎপরতার সঙ্গে মোকাবিলা করতে জেলা প্রশাসন, সশস্ত্র সেনা, ডাক্তারদের আঞ্চলিক সংগঠন এবং বেসরকারী হাসপাতালগুলির মধ্যে সমন্বয় বজায় রাখতে বলা হয়েছে।

oooooooooooooooooooo

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, দেশে যথেষ্ট পরিমাণে খাদ্য মজুত রয়েছে। যে কোন জরুরি পরিস্থিতিতে তিনি নাগরিকদের শান্ত থাকার আহ্বান জানিয়ে বলেন,  দেশে খুব ভালো ফলন হয়েছে এবং আগামী মরশুমেও ভালো ফলন হওয়ার অনুকূল পরিবেশ রয়েছে। নতুন দিল্লিতে সাংবাদিকদের তিনি বলেন, সরকার জম্মু-কাশ্মীর ও পাঞ্জাবের মতো রাজ্য সরকারগুলির মুখ্যমন্ত্রীদের সঙ্গে কথা বলে বীজ ও ফসল সামগ্রীর সরবরাহ বন্দোবস্ত সুনিশ্চিত করবে।

(বাইট – শিবরাজ সিং)

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক, সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যসচিব ও প্রশাসকদের প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা নিতে বলেছে। অসামরিক প্রতিরক্ষা আইনের আওতায় সতর্কতামুলক ব্যবস্থা রূপায়নে মন্ত্রক, তাদের জরুরী ক্ষমতা প্রয়োগ করতেও বলেছে।

ভারত – পাকিস্তানের মধ্যে সামরিক উত্তেজনার আবহে রাজ্যজুড়ে পুলিশী নজরদারি বাড়ানো হচ্ছে। পুলিশের শীর্ষ স্তর থেকে রাজ্যের সমস্ত থানা এলাকায় সিসিটিভির মাধ্যমে নজরদারি চালানো হবে। প্রায় সাড়ে ৭-শো থানার মধ্যে অধিকাংশই সিসিটিভির আওতায় এসেছে। ওই ক্যামেরার ফিড রাজ্য সচিবালয় নবান্নের কন্ট্রোলরুমে সরাসরি সম্প্রচারিত হচ্ছে। ক্যামেরাগুলির সঙ্গে রাজ্য পুলিশের মহানির্দেশকের দফতরের কন্ট্রোলরুমও যুক্ত করা হচ্ছে। এরফলে তৃণমূলস্তর পর্যন্ত পুলিশের শীর্ষ কর্তারা সরাসরি নজর রাখতে পারবেন।

এদিকে, শহর কলকাতার নিরাপত্তার বিষয়ে পুলিশ সম্পূর্ণ প্রস্তুত বলে নগরপাল মনোজ ভার্মা জানিয়েছেন। সাংবাদিকদের তিনি বলেন, সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে ইতিমধ্যেই কলকাতা পুলিশের বিভিন্ন বিভাগের সঙ্গে সমন্বয় বৈঠক করা হয়েছে।

অন্যদিকে, এরাজ্যের উত্তর-পূর্ব সীমান্ত সংলগ্ন বিভিন্ন রেল স্টেশনেও যথাযথ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা আকাশবাণীকে জানিয়েছেন।

একই সঙ্গে কলকাতা বিমানবন্দরে জারি করা হয়েছে হাই অ্যালার্ট। সি আই এস এফ কর্মীদের ছুটি বাতিলের পাশাপাশি এক নির্দেশিকায় জানানো হয়েছে, এরাইভাল বা ডিপারচার এরিয়ায় কোনরকম গাড়ি দাঁড়াতে দেওয়া হচ্ছে না। বিমানবন্দরের সমস্ত সিসিটিভি যাতে সক্রিয় থাকে তা নিশ্চিত করতে বলা হয়েছে। এছাড়াও বিমানবন্দরে আগত যাত্রী এবং কর্মীদের পরিচয়পত্র যথাযথভাবে পরীক্ষা করার নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ। একাধিক সতর্কতামূলক অন্যান্য নির্দেশিকাও জারি করা হয়েছে।

oooooooooooooooooooo

পাকিস্তান প্রত্যাঘাত চাইছে বলেই তাদের যোগ্য জবাব দেওয়া হচ্ছে বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী তথা বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। উত্তর ২৪ পরগনার বারাসাতে এক অনুষ্ঠানে যোগ দিয়ে সুকান্ত বাবু বলেন, পহেলগাঁওতে হওয়া বর্বরোচিত আক্রমনের জবাবেই ভারত সন্ত্রাসবাদীদের ঘাঁটি লক্ষ্য

করে হামলা চালিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শীতা ভারতীয় সেনাকে আরো শক্তিশালী করে তুলেছে বলেও উল্লেখ করেন তিনি।

(বাইট- সুকান্ত)

ভারতীয় বীর সেনানী দের কুর্নিশ জানিয়ে গতকাল কলকাতায় জয় হিন্দ পদযাত্রা করে কংগ্রেস। প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবন থেকে পদযাত্রা মৌলালি পর্যন্ত যায়।

oooooooooooooooooooooo

দেশজুড়ে বর্তমান উত্তেজনাকর পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আকাশবাণীর সংবাদ সেবা বিভাগ বেশকিছু সংবাদের সময়সীমা বাড়িয়েছে। দিল্লি থেকে ঘণ্টায় ঘণ্টায় প্রচারিত সমস্ত হিন্দি ও ইংরেজি বুলেটিনের সময় ৫ মিনিট করে বাড়ানোয় পরবর্তী ঘোষণা না হওয়া পর্যন্ত এফএম রেনবোয় ঘণ্টায় ঘণ্টায় প্রচারিত হেডলাইন আপাতত স্থগিত থাকছে। সকাল ১০টা ১০ মিনিটের স্থানীয় সংবাদ প্রচারিত হবে ১০টা ২০ মিনিটে। বিকেল ৫টা ১০ এর খবর শোনা যাবে ৫টা ২০ মিনিট থেকে। রাত ৮টা ১০ মিনিটের খেলার খবর শুনতে পাবেন রাত ৮টা ২০ মিনিটে সঞ্চয়িতা ও বিবিধ ভারতী প্রচার তরঙ্গে।

oooooooooooooooooooo

রাজ্য মাদ্রাসা পরিচালন কমিটির দ্বারা নিযুক্ত শিক্ষক ও অশিক্ষক কর্মীদের আগামী দু সপ্তাহের মধ্যে বেতন দেবার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। ২০১৬ থেকে পরবর্তী চার বছরে মাদ্রাসা পরিচালন কমিটি বহু শিক্ষক ও অশিক্ষক কর্মী নিয়োগ করে। এতে আপত্তি জানায় রাজ্য। এরপরই শীর্ষ আদালতের দ্বারস্থ হলে সুপ্রিম কোর্ট জানিয়েছে, ২০২০ সালে ৬-ই জানুয়ারীর আগে নিযুক্ত শিক্ষক ও শিক্ষা কর্মীদের বেতন দিতে হবে। এই রায়ের সুবাদে প্রায় ৩-শো জন আপাতত বেতন পাবেন বলে আশা করা হচ্ছে।

ooooooooooooooooooo

তামিলনাড়ু সরকার জাতীয় শিক্ষা নীতি ২০২০ গ্রহণ না করায় ঐ রাজ্যের এক বাসিন্দার দায়ের করা জনস্বার্থ মামলা শীর্ষ আদালত খারিজ করে দিয়েছে। বিচারপতি যে বি পাদ্রিওয়ালা এবং বিচারপতি আর মহাদেবনের বেঞ্চ জানিয়েছে, আদালত যদি মনে করে জাতীয় শিক্ষানীতির পরিপ্রেক্ষিতে কোনো রাজ্যের নেওয়া সিদ্ধান্ত মৌলিক অধিকারের পরিপন্থী হচ্ছে সেক্ষেত্রে আদালত হস্তক্ষেপ করতে পারবে।

এর আগে, শিক্ষা যেহেতু সংবিধানের যৌথ তালিকাভুক্ত, তাই জাতীয় শিক্ষানীতি গ্রহণ করতে তারা বাধ্য নয় বলে কয়েকটি রাজ্য আপত্তি জানায়।

জাতীয় শিক্ষা নীতি নিয়ে সুপ্রীম কোর্টের রায়কে স্বাগত জানিয়েছে পশ্চিমবঙ্গ সরকার এবং সারা ভারত সেভ এডুকেশন কমিটি।

oooooooooooooooooooooo

কোচবিহার জেলার ভারত বাংলাদেশ সীমান্তে পুলিশ বিশেষ সর্তকতা জারী করেছে। বিভিন্ন সীমান্তে বিএসএফ এবং পুলিশ মিলে গ্রামবাসীদের জন্য সচেতনতা শিবিরের আয়োজন করা হচ্ছে। কাঁটাতারের ওপারে কৃষি জমিতে গেলে দল বেধে যাওয়ারও পরামর্শ দিচ্ছেন আধিকারিকরা। এছাড়াও রাতের বেলায় সীমান্ত এলাকা এড়িয়ে চলতে বলা হয়েছে। পুলিশ সূত্রে খবর, সম্প্রতি রাজ্যের বিভিন্ন এলাকা থেকে ভারতীয় কৃষকদের বাংলাদেশী দুষ্কৃতীরা অপহরণ করে নিয়ে যাওয়ায় কৃষকদের নিরাপত্তায় এই উদ্যোগ।

ooooooooooooooooooooo

রাজ্যবাসীকে সমস্ত রকমের নেশা থেকে মুক্ত করতে নীবিড় প্রচার কর্মসূচি চালানো হবে। এজন্য রাজ্যের প্রতিটি জেলা থেকে স্বেচ্ছাসেবক নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। সমাজ কল্যাণ দফতর বিভিন্ন স্তরের মোট ৫০ জন নিয়োগ করবে।

তাঁদের বিভিন্নভাবে প্রশিক্ষিত করা হবে। এরপর তাঁরাই এলাকায় গিয়ে নেশাদ্রব্য বর্জন করা নিয়ে প্রচার করবেন।

oooooooooooooooooooooo

রাজ্যে আগামী সোমবার পর্যন্ত তাপপ্রবাহ চলবে বলে আবহাওয়া দফতর জানিয়েছে। আজ থেকে পশ্চিম বর্ধমান, বীরভূম, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া এবং বাঁকুড়ায় তাপপ্রবাহের হলুদ সতর্কতা জারি করা হয়েছে। আর্দ্রতাজনিত অস্বস্তিকর গরম থাকবে দক্ষিণবঙ্গের অন্যান্য জেলাতেও।

তবে, আগামীকাল গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কয়েকটি জেলায় বিক্ষিপ্তভাবে ঝড়বৃষ্টির পূর্বাভাষ দেওয়া হয়েছে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, ২৯ দশমিক ১ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ দশমিক ৩ ডিগ্রী বেশি। আজ সর্বোচ্চ তাপমাত্রা ৩৯ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা।

oooooooooooooooooooo

যাত্রীদের চাহিদার কথা বিবেচনা করে কলকাতা মেট্রো আগামী মঙ্গলবার (13.05.2025) থেকে পার্পেল লাইনে জোকা থেকে Majerhat পর্যন্ত ট্রেন পরিষেবা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। ওই দিন থেকে মেট্রোর ওই সেকশনে মোট ৪০ টি ট্রেন পরিষেবার পরিবর্তে আপ ও ডাউন মিলিয়ে মোট ৬২ টি ট্রেন চালানো হবে। সকাল ৭ টা ৫৭ মিনিট থেকে শুরু হয়ে ২৪ মিনিট অন্তর তা চলবে সন্ধ্যা ৮ টা ১৭ মিনিট পর্যন্ত। তবে শনি ও রবিবার ওই সেকশনে কোনো ট্রেন পরিষেবা পাওয়া যাবে না।

ooooooooooooooooooo

oooooooooooooooooooooo